গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের আগস্ট, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিয়াউল হক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৪.০৮.২০২৫ খ্রি. |
| সভার সময় | বেলা ০৩:০০ ঘটিকা |
| স্থান | ৪র্থ তলার সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের আগস্ট, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ২৩-০৭-২০২৫ তারিখে অনুষ্ঠিত জুলাই, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মহাপরিচালক মহোদয় নিশ্চিত করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: আলী আকবর, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল এক্সপ্লোরেশন এন্ড এপ্লিকেশন বিভাগ এবং জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল ম্যাপিং এন্ড জিওল্যাবরেটরিজ বিভাগ কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৩-০৭-২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.১ | শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "যশোর জেলার ভবদহ অঞ্চল ও এর আশেপাশের পরিবেশ ভূতত্ত্ব বিশ্লেষণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি থেকে সংগৃহীত পলল নমুনা বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রস্তুতের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়া ০২ (দুই)টি পেন্ডিং প্রতিবেদন রয়েছে যা প্রণয়নপূর্বক ০১ (এক)টি আগস্ট, ২০২৫ খ্রি. এবং অপরটি মার্চ, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক জমা প্রদান করতে হবে।<br><br>(খ) পেন্ডিং ০২ (দুই)টি প্রতিবেদন প্রণয়নপূর্বক যথাক্রমে আগস্ট, ২০২৫ খ্রি. এবং মার্চ, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | জনাব মো: আলী আকবর, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "বাংলাদেশের উত্তরাঞ্চলে একটি ভূতাত্ত্বিক অনুসন্ধান কূপ খনন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি বাস্তবায়ন করার লক্ষ্যে কূপ খনন স্থানের জমি পরিমাপ, জমির মালিকদের সাথে আলোচনা এবং কূপ খননের জন্য অগ্রীম প্রয়োজনীয় কাজ সম্পন্ন করার নিমিত্ত ০৪ (চার) জনের একটি প্রতিনিধি দল ২৬.০৮.২০২৫ খ্রি. তারিখে কূপ খনন স্থান পরিদর্শন করবেন। | নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৩ | শাখা প্রধান জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরঙ্গন কর্মসূচির লগিং প্রতিবেদন জমা প্রদান করা হয়েছে। জিও টেকনিক্যাল প্রতিবেদন আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জিও টেকনিক্যাল প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা। |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.৪ | শাখা প্রধান জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "নওগাঁ জেলার অন্তর্গত পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ" শীর্ষক বহিরগঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নপূর্বক আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মাসের মধ্যে জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.৫ | শাখা প্রধান ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি প্রস্তাবনা চলতি অর্থবছরের শুরুতেই প্রশিক্ষণ শাখায় প্রেরণ করা হয়েছে। ইন্সট্রুমেন্ট টেস্টিং প্রোগ্রাম আগামী ২১ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে আয়োজনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | (ক) সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>(খ) সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মাসের মধ্যে ইন্সট্রুমেন্ট টেস্টিং প্রোগ্রাম সম্পন্ন করতে হবে। | ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.৬ | শাখা প্রধান জনাব মোঃ শাহজাহান, উপপরিচালক (ভূ-পদার্থ) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলার হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরগঙ্গন কর্মসূচি সম্পন্ন করার জন্য তাঁর নেতৃত্বে একটি দল বহিরগঙ্গনে গমন করে কার্যক্রম শুরু করে। কিন্তু সিসমোগ্রাফ যন্ত্রটি অকার্যকর হলে দলটি কাজ সম্পন্ন না করেই সদর দপ্তরে প্রত্যাবর্তন করে। তিনি আরো জানান, যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ শাখায় সিসমোগ্রাফ যন্ত্রটির মেরামত সম্পন্ন হয়েছে। যন্ত্রটির মেরামত সম্পন্ন হলে আগামী ডিসেম্বর, ২০২৫ খ্রি. মাসের শুরুতে অসম্পূর্ণ বহিরগঙ্গন কর্মসূচিটি সম্পন্ন করা হবে। | ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের অসম্পূর্ণ বহিরগঞ্জান কর্মসূচি সম্পন্ন করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.৭ | শাখা প্রধান জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌ.) বলেন, এলজিইডি পাকা রাস্তা থেকে ২০২৫-২০২৬ অর্থবছরে প্রস্তাবিত কূপ খননের স্থানের দূরত্ব ১২৯৬ মিটার যার মধ্যে ১০০০ মিটার কাঁচা রাস্তা এবং বাকী ২৯৬ মিটার রাস্তা নতুন করে নির্মাণ করতে হবে। এজন্য কূপ খনন স্থানের জমির পরিমাপ, জমির মালিক ও স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা এবং কূপ খননের জন্য অগ্রীম প্রয়োজনীয় কাজ সম্পন্ন করার নিমিত্ত ০৪ (চার) জনের একটি দল ২৬.০৮.২০২৫ খ্রি. তারিখে কূপ খনন স্থান পরিদর্শন করবেন। | নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৭ | শাখা প্রধান জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "চট্টগ্রাম শহরের উপকূলীয় অংশে এবং এর আশেপাশে সামুদ্রিক দূষণ নির্দেশক হিসেবে বেন্থিক ফোরামিনিফেরার বৈশিষ্ট্য বিশ্লেষণকরণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি হতে সংগৃহীত পলল নমুনার গবেষণাগারে বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। গত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের পেন্ডিং ০২ (দুই)টি প্রতিবেদন জমা প্রদান করা হয়নি। এ বিষয়ে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) বলেন, গবেষণাগারে অণুবীক্ষণ যন্ত্রের ক্যামেরা নষ্ট হওয়ায় বর্ণিত প্রতিবেদন ০২ টি প্রণয়নে বিলম্ব হচ্ছে। তিনি আরো জানান, অণুবীক্ষণ যন্ত্র ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে যা চলতি অর্থবছরের মধ্যেই জমা প্রদান করা হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচীর গবেষণাগারের কাজ শেষ করে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।<br><br>(খ) চলতি অর্থবছরের মধ্যে ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৮ | মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। এছাড়া, ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে যা আগামী আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। | ( ক) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে।<br><br>(খ) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন আগস্ট, ২০২৫ খ্রি. এর মধ্যে জমা প্রদান করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৯ | শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে তা জমা প্রদান করা হবে। | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন প্রস্তুত করে আগস্ট, ২০২৫ খ্রি. এর মধ্যে জমা প্রদান করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |
| ৩.১০ | জনাব মোঃ নুরুজ্জামান সবুজ, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের 'মাতামুহুরী নদীর ভূতাত্ত্বিক পাললিক বিশ্লেষণ' শীর্ষক বহিরঙ্গন কর্মসূচিটি আগামী ১ অক্টোবর, ২০২৫ তারিখ থেকে শুরু করার পরিকল্পনা ছিলো। কিন্তু অক্টোবর মাসে নদীতে পানির উচ্চতা বেশি থাকায় সেসময় বহিরঙ্গন কর্মসূচিটি সম্পাদন করা দূরুহ। সেজন্য আগামী ডিসেম্বর, ২০২৫ খ্রি. থেকে বহিরঙ্গন কর্মসূচিটি শুরু করা যেতে পারে। সেপ্রেক্ষিতে, জনাব মো: আলী আকবর, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) বহিরঙ্গন কর্মসূচির সময় পরিবর্তনের আবেদন করার পরামর্শ প্রদান করেন। তিনি আরো জানান, ২০২৪-২০২৫ অর্থবছরের "সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন জমা হয়েছে বর্তমানে রিভিউয়ের কাজ চলছে। রিভিউ শেষে চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়া হবে। এছাড়া, গত ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে। আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন প্রস্তুত করে জমা প্রদান করা হবে। | ( ক) ২০২৫-২০২৬ অর্থবছরের 'মাতামুহুরী নদীর ভূতাত্ত্বিক পাললিক বিশ্লেষণ' শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির সময় পরিবর্তনের আবেদন জমা দিতে হবে।<br><br>( খ) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রণয়নকৃত প্রতিবেদন রিভিউ শেষে জমা প্রদান করতে হবে।<br><br>(গ) আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১১ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরের প্রণয়নকৃত প্রতিবেদন রিভিউয়ের জন্য তাঁর নিকট জমা প্রদান করা হয়েছে। রিভিউ শেষে উক্ত প্রতিবেদন চলতি মাসের মধ্যে জমা প্রদান করা হবে। শাখা প্রধান ড. মোঃ আহসান হাবিব, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে যা চলতি মাসের মধ্যে জমা প্রদান করা হবে এবং বাকী প্রতিবেদনগুলো এবছরের মধ্যেই জমা প্রদান করা হবে। | ( ক) রিভিউয়ের জন্য জমাকৃত প্রতিবেদনটি রিভিউ শেষ করে আগস্ট, ২০২৫ মাসের মধ্যে জমা প্রদান করতে হবে।<br><br>(খ) আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নপূর্বক জমা প্রদান করতে হবে। বাকী পেন্ডিং প্রতিবেদন এবছরের মধ্যেই জমা প্রদান করা হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **দূর অনুধাবন ও জিআইএস শাখা** | | | |
| ৩.১২ | শাখা প্রধান জনাব আবু সাঈদ মোহাম্মদ ফয়সাল, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পেশিও-টেম্পোরাল ডাইনামিকস নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নপূর্বক সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। এছাড়া, পেন্ডিং প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে যা এ অর্থবছরের মধ্যেই জমা প্রদান করা হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে।<br><br>(খ) পেন্ডিং প্রতিবেদন প্রণয়নপূর্বক ২০২৫ সালের মধ্যে জমা প্রদান করতে হবে। | দূর অনুধাবন ও জিআইএস শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৩ | শাখা প্রধান জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন, গত এক বছরে জিএসবির বিভিন্ন শাখা হতে প্রাপ্ত ৪৫০ টি নমুনা বিশ্লেষণ করে প্রাপ্ত ফলাফল দাখিল করা হয়েছে । প্রতিটি নমুনায় গড়ে ১৬ টি মৌলের পরিমাণ নির্ণয় করা হয়েছে। চলতি মাসে ৬৭ টি নমুনার বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রদান করা হয়েছে এবং ২০০ টি নমুনা বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। | বিভিন্ন শাখা হতে প্রাপ্ত নমুনা বিশ্লেষণের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ৪ | মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) কর্তৃক সুপারিশকৃত 'সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার' (৯ম গ্রেড) এর ০১ টি পদে নিয়োগের জন্য পুলিশ প্রত্যয়নের ভিআর ফরম পূরণ করার লক্ষ্যে প্রার্থীকে জিএসবিতে যোগাযোগ/উপস্থিত হওয়ার জন্য ৩১.০৭.২০২৫ তারিখে রেজিষ্ট্রার ডাকে তার স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয় (প্রার্থীর স্থায়ী/অস্থায়ী ঠিকানা একই)। এ ছাড়া প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড) নিয়োগের নিমিত্ত পিএসসি কর্তৃক মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে জিএসবিতে নতুন গাড়ী ক্রয় সংক্রান্ত বিষয়ে তিনি জানান, চলতি অর্থবছরে ০৪ (চার)টি গাড়ি ক্রয়ের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। অডিট আপত্তি বিষয়ে তিনি বলেন, মোট ৯ (নয়)টি আপত্তির মধ্যে ৭ (সাত)টি আপত্তির নিষ্পত্তি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বাকী ২ (দুই)টি অডিট আপত্তি পেন্ডিং অবস্থায় আছে। অফিসে পেস্ট কন্ট্রোল বিষয়ে তিনি বলেন, ইতোমধ্যে কয়েকটি পেস্ট কন্ট্রোল প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে আর্থিক প্রস্তাব নেয়া হয়েছে যা পর্যালোচনাপূর্বক দ্রুত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অফিসে ইন্টারকম সংযোগ বিষয়ে তিনি বলেন, কয়েকটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে স্পেসিফিকেশনসহ আর্থিক প্রস্তাব দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে। | (ক) কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেতে হবে।<br><br>( খ) চলতি অর্থবছরে নতুন গাড়ী ক্রয়ের বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>(গ) অডিট আপত্তি গুলো অতি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>(ঘ) উইপোকা দমনে অফিসে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঙ) অফিসে ইন্টারকম সংযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| | **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মহাপরিচালক মহোদয় এবং শাখা প্রধানদের সাথে আলোচনাপূর্বক প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করা হবে। প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত হলে আগামী মাস থেকেই প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। তিনি আরো জানান, জিএসবির সকল কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ে একটি ডাটাবেজ তৈরীর লক্ষ্যে কাজ চলমান রয়েছে। মহাপরিচালক মহোদয় ইতোপূর্বে পরিচালিত প্রশিক্ষণের তথ্য-উপাত্ত যাচাই-বাছাই পূর্বক ডাটাবেজ প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে ডাটাবেজ তৈরী করতে হবে এবং ডাটাবেজের আলোকে ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| | **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | |
| ৬.১ | মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক (GICU প্রকল্প) বলেন, জিএসবির নারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি কর্মশালার আয়োজন করা হবে। এ সময় মহাপরিচালক মহোদয় অন্যান্য প্রতিষ্ঠানের নারী কর্মকর্তাদের সংযুক্ত করে কর্মশালাটি আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম |
| ৬.২ | জনাব মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌ.) ও প্রকল্প পরিচালক (ESDC-GSB) বলেন, 'Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh' শীর্ষক প্রকল্পের অর্থনৈতিক কোড ও জনবল কাঠামো অনুমোদনের প্রক্রিয়া অর্থ বিভাগে চলমান রয়েছে। | মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগের মাধ্যমে অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | ESDC-GSB প্রকল্প |
| ৬.৩ | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সবুজ পাতায় অন্তর্ভুক্ত জিএসবির ভবিষ্যৎ ০৮ (আট)টি প্রকল্পের মধ্যে ০৬ (ছয়)টি প্রকল্পের তথ্য পিপিএস সফটওয়্যারে প্রদান করা হয়েছে। বাকী ০২ (দুই)টি প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। "বালু গবেষণা ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি ও স্থাপত্য নকশা প্রণয়নের কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ট বাকী প্রকল্পগুলোর ফিজিবিলিটি স্টাডির কাজও চলমান রয়েছে। 'বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ' শীর্ষক প্রকল্পের বিষয়ে তিনি বলেন, সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পের জন্য পরবর্তী প্রয়োজনীয় গ্রহণ করা হবে। 'বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ভূমিকম্প গবেষণা অবকাঠামোর সক্ষমতা অর্জন' শীর্ষক প্রকল্পের জন্য স্টেক হোল্ডারদের সাথে আলোচনা করা হবে। তিনি বলেন, 'রেয়ার আর্থ ইলিমেন্ট সেপারেশন' প্রকল্পের জন্য একটি গবেষণাগার প্রয়োজন। | (ক) জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে অতিদ্রুত সময়ের মধ্যে জমা দিতে হবে।<br><br>(খ) প্রয়োজনীয় প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির জন্য TOR প্রস্তুত করে সংশ্লিষ্ট অফিসে যোগাযোগপূর্বক ফিজিবিলিটি সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ।<br><br>জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| | **বিবিধ আলোচনা** | | |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের পূর্ত কাজ বুঝে নেওয়া হয়েছে। লজিস্টিক সাপোর্টের জন্য খুব গুরুত্বপূর্ণ মালামাল ক্রয়ের চাহিদাপত্র স্টোরে প্রেরণ করা হয়েছে। | চাহিদা মোতাবেক প্রয়োজনীয় মালামাল ক্রয়পূর্বক জাফলং এলাকায় অবস্থিত জিএসবির সাইড অফিসে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

১৪-০৯-২০২৫
মোঃ জিয়াউল হক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.৪০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
২। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। জিএসবির শাখা প্রধানগণ।
৫। প্রকল্প পরিচালক (ESDC-GSB), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। উপ-পরিচালক (ড্রিলিং)-১ (অন্যান্য), ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।



১৫-০৯-২০২৫
নাসিমা বেগম
পরিচালক (ভূতত্ত্ব)